ঢাকা পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
DHAKA POWER DISTRIBUTION COMPANY LIMITED
(An Enterprise of the Government of the People's Republic of Bangladesh)

Office of the GM (ICT/ Technical)
ICT, Energy & Metering
Plot # 04, Road # 1/a, Block # J
Madani Avenue, Baridhara,
Dhaka.
Phone: 9882800, Fax:9881245

স্মারক নং: ৮৭.৫১৪.৪২৬.০০.০০.০০০.২০২২.২২৫

তারিখ: ১৩.০৯.২২ খ্রি.

# ই-গর্ভানেন্স ও ইনোভেশন কমিটির সভার কার্য বিবরণী

মহাব্যবস্থাপক (আইসিটি/টেকনিক্যাল), ডিপিডিসি মহোদয়ের সভাপতিত্বে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ০৮ ই সেপ্টেম্বর, ২০২২ খ্রি. তারিখ সকাল ১১.৩০ টায় জুম অনলাইন প্ল্যাটফর্মে ডিপিডিসি'র ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বাস্তবায়ন কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নবর্ণিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন:

০১. জনাব এস এম ইমলাক হোসেন, উপমহাব্যবস্থাপক (আইসিটি), রেভেনিউ, ডিপিডিসি।
০২. জনাব মো. কামরুল আহছান, উপমহাব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।
০৩. জনাব মোহাম্মদ মহিউল আলম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রশিক্ষণ ও উন্নয়ন, ডিপিডিসি।
০৪. জনাব মোহাম্মদ সাইফুল আমিন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্টোর ম্যানেজমেন্ট, ডিপিডিসি।
০৫. জনাব মোহাম্মদ সাহেদ বিশ্বাস, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মিটারিং, ডিপিডিসি।
০৬. জনাব মোঃ কামাল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এনওসিএস নারায়নগঞ্জ, ডিপিডিসি।
০৭. জনাব মোঃ জহিরুল করিম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রিনিউএবল এনার্জি এন্ড রিসার্চ, ডিপিডিসি।
০৮. জনাব ডি.এম. কামরুল হাসান, ব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।
০৯. জনাব সুমন সরদার, ব্যবস্থাপক (আইসিটি), রেভেনিউ, ডিপিডিসি।
১০. জনাব মো. আতিকুল ইসলাম, ব্যবস্থাপক (অর্থ), ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট এন্ড অ্যাকাউন্টিং, ডিপিডিসি।
১১. জনাব মোঃ তানভীর আহমেদ, সহকারী ব্যবস্থাপক, আইসিটি রেভেনিউ, ডিপিডিসি
১২. অমিত কুমার দাস,উপ-সহকারী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী (গ্রীড নর্থ-২), ডিপিডিসি।

সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ডিপিডিসি'র ২০২২-২০২৩ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্রমিক নং | আলোচনার বিষয় বস্তু | আলোচনা ও সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১ | ২০২২-২০২৩ বৎসরের বার্ষিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কার্যক্রম | সভায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব ডি এম কামরুল হাসান, ম্যানেজার (আইসিটি) ডিপিডিসি'র ২০২২-২০২৩ সালের -গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বিস্তারিত মূল্যায়ন পদ্ধতিসহ উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে সকল কর্মসম্পাদন সূচকসমূহ যথাসময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ডিপিডিসি'র ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বাস্তবায়ন কমিটির সকল সদস্য |
| ০২ | ২০২২-২০২৩ বৎসরের উদ্ভাবনী ধারনা গ্রহনের বিষয়ে আলোচনা | ২০২২-২০২৩ বৎসরের উদ্ভাবনী উদ্যোগ চুড়ান্ত করা হয়।<br>ক) অনলাইনে নাম, মিটার পরিবর্তনসহ অন্যান্য সেবা প্রদান<br>খ) ইউনিফাইড মোবাইল এপস ফর ডিপিডিসি কাস্টমারস<br><br>বর্নিত উদ্ভাবনী ধারণা দুটি ৩১শে ডিসেম্বর,২০২২ এর মধ্যে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) জনাব মোঃ তানভীর আহমেদ, সহকারী ব্যবস্থাপক(আইসিটি) ও জনাব মৃদুল রায়, উপ-ব্যবস্থাপক (আইসিটি)<br><br>খ) জনাব ডি এম কামরুল হাসান, ব্যবস্থাপক (আইসিটি) ও জনাব মোঃ আমীন আলী, জুনিয়র এসিস্ট্যান্ট ম্যানেজার (আইসিটি) |

| ক্রমিক নং | আলোচনার বিষয় বস্তু | আলোচনা ও সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|
| ০৩ | ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারনা, সেবা সহজীকরণ ও সেবা ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতকরণ | ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারনা, সেবা সহজীকরণ ও সেবা ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, ইতোমধ্যে ডিপিডিসি'র উদ্ভাবনী ধারনা, সেবা সহজীকরণ ও সেবা ডিজিটাইজকৃত সেবার খসড়া ডাটাবেজ প্রস্তুত করা হয়েছে। কিন্তু মন্ত্রনালয় কর্তৃক একটি ফরমেট প্রদান করার কথা রয়েছে যা এখনো পাওয়া যায়নি। উক্ত ফরমেট প্রাপ্তি স্বাপেক্ষে তা প্রস্তুত করে দাখিল করা হবে। | জনাব ডি.এম. কামরুল হাসান, ব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি। |
| ০৪ | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্ম-পরিকল্পনা প্রণয়ন বিষয়ে কমিটি গঠন | আগামী ৩১-১০-২০২২ ইং তারিখের মধ্যে ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্ম-পরিকল্পনা প্রণয়ন করে তা দাখিল করার নির্দেশনা রয়েছে। সভায় কাজটি বাস্তবায়ন করার জন্য একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহিত হয় যা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনের প্রেক্ষিতে উক্ত কমিটি আগামী ১০ই অক্টোবরের মধ্যে ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় কর্ম-পরিকল্পনা প্রণয়ন করে তা দাখিল করবে। | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় কর্ম-পরিকল্পনা প্রণয়ন কমিটির সকল সদস্য |
| ০৫ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রশিক্ষণ ও ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ক কর্মশালা আয়োজন | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রশিক্ষণ ও ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ক কর্মশালা আয়োজন বিষয়ে আলোচনা হয়। সভায় জনাব মোহাম্মদ মহিউল আলম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রশিক্ষণ ও উন্নয়ন জানান যে, এ মাসের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রশিক্ষণ আয়োজন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ক কর্মশালা নির্ধারিত সময়ের পূর্বেই আয়োজন করা হবে। | জনাব মোহাম্মদ মহিউল আলম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রশিক্ষণ ও উন্নয়ন, ডিপিডিসি। |
| ০৬ | মোবাইল এপস ফর অপারেশনাল কমপ্লেইন ম্যানেজমেন্ট বাস্তবায়ন | মোবাইল এপস ফর অপারেশনাল কমপ্লেইন ম্যানেজমেন্ট বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মোঃ কামাল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এনওসিএস নারায়নগঞ্জ জানান যে, ইতোমধ্যে নারায়নগঞ্জ পূর্ব, নারায়নগঞ্জ পশ্চিম, ফতুল্লা, শীতলক্ষা এবং মগবাজার এনওসিএস এ বাস্তবায়ন করা হয়েছে। সভায় এনওসিএস তেজগাঁওসহ সাউথ জোনের সকল এনওসিএস দপ্তরে এ এপস বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | জনাব মোঃ কামাল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এনওসিএস নারায়নগঞ্জ, ডিপিডিসি। |

MHasan

| ক্রমিক নং | আলোচনার বিষয় বস্তু | আলোচনা ও সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|
| ০৭ | ২০২১-২০২২ বৎসরের উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র প্রদান | ২০২১-২০২২ বৎসরের উদ্ভাবকগণকে উপ-আনুষ্ঠানিক পত্র প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনের জন্য খসড়া উপ-আনুষ্ঠানিক পত্র প্রস্তুত করে পেশ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | জনাব ডি.এম. কামরুল হাসান, ব্যবস্থাপক (আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

MRHasan
২৬/০৭/2022

প্রকৌ. মো. রবিউল হাসান
মহাব্যবস্থাপক (আইসিটি/টেকনিক্যাল)
আইসিটি, এনার্জি এন্ড মিটারিং
ডিপিডিসি

বিতরণ:
০১. ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি।
০২. নির্বাহী পরিচালক (অ্যাডমিনিসট্রেইশন এন্ড এইচ আর/অর্থ/ প্রকৌশল / অপারেশন / আইসিটি এন্ড প্রকিউরমেন্ট), ডিপিডিসি।
০৩. কোম্পানি সচিব / প্রধান প্রকৌশলী / মহাব্যবস্থাপক ........................................, ডিপিডিসি।
০৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী/উপ-মহাব্যবস্থাপক ..................................................., ডিপিডিসি।
০৫. জনাব ..........................................................................................................
০৬. দপ্তর নথি / মাস্টার ফাইল।